# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Second Term Test - 2018**

**Sub: Bengali Text** **Class: VI** **F. M. 90**

**Duration: 2Hrs 30 Mins** **Date: 26.07.18**

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে)

## বিভাগ-ক (২৫)

১) **সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ (৫ × ১ = ৫)**

১.১ 'মধুর তোমার শেষ যে না পাই' গল্পটির মূল গ্রন্থ হল -

(ক) রাজ কাহিনী (খ) নালক (গ) ক্ষীরের পুতুল (ঘ) আলোর ফুলকি।

১.২ সবার চেয়ে আনন্দময় -

(ক) তালপাতার বাঁশি (খ) ওই মেয়েটির হাসি (গ) একটি রাঙা লাঠি (ঘ) হাজার লোকের মেলা।

১.৩ নীচের কাব্যগ্রন্থগুলির মধ্যে রবীন্দ্রনাথ রচিত কাব্যগ্রন্থ হল -

(ক) ক্ষণিকা (খ) সর্বহারা (গ) রূপসীবাংলা (ঘ) ছাড়পত্র।

১.৪ ছেলেরা কি হলে দেশের কল্যাণ হবে? -

(ক) রাজা (খ) কবি (গ) মানুষ (ঘ) কৃষক।

১.৫ শিখ সেনাদের দলপতির নাম হল -

(ক) ভগৎ সিং (খ) তরু সিং (গ) জয় সিং (ঘ) প্রতাপ সিং।

২) **শূন্যস্থান পূরণ করঃ (৫ × ১ = ৫)**

২.১ রাজা .................. করলেন, 'কার .................. , কার হার!' ।

২.২ মুখে হাসি .................. বল .................. ভরা মন।

২.৩ উমেশ জিজ্ঞাসা করলে, .................. জানিস ?

৩) **শব্দার্থ লেখঃ (৫ × ১ = ৫)**

অনুমতি, ক্রোধ, বিমূঢ়, বিদূষক, আস্তানা।

৪) **বাঁদিক ও ডানদিকের কথা মিলিয়ে বাক্য গঠন করঃ** (৫ × ১ = ৫)

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ক) | শান্ত দৃঢ় কণ্ঠে লোকটা উত্তর দিল | ক) | এ বিশ্ব মাঝার |
| খ) | ফলে ভরা, পাতায় ঢাকা জামগাছ | খ) | দিয়ে সাজান বনপথ |
| গ) | এক পয়সায় কিনেছে ও | গ) | তারি তলায় ঋষিদের আশ্রম |
| ঘ) | সবারি রয়েছে কাজ | ঘ) | আমি কিছুতেই যাব না |
| ঙ) | সবুজ ঘাস, বনের ফুল | ঙ) | তালপাতার এক বাঁশি |

৫) নীচের বাক্যগুলির সত্য/মিথ্যা বিচার করে বাক্যের পাশে লেখঃ (৫ × ১ = ৫)

৫.১ নদীর উপর ঝুঁকে পড়েছিল একটা বটগাছ কিছু দূরে।

৫.২ চারিদিকে বিন্ধ্যাচল পাহাড়, তার মাঝে বৈশালী নগর।

৫.৩ বসেছে আজ নদীর ধারে স্নানযাত্রার মেলা।

৫.৪ রাজা বিম্বিসার রাজপথে এসে দাঁড়িয়েছেন।

৫.৫ গ্রাম থেকে তাদের দিদি-দাদারা ছুটে এল।

## বিভাগ-খ (২৫)

১) **অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ (৫ × ২ = ১০)**

১.১ সিদ্ধার্থ কে?

১.২ স্নানযাত্রার মেলা কোথায় বসেছে?

১.৩ কিভাবে দেশের কল্যাণ হবে?

১.৪ সিদ্ধার্থ সাত দিন সাত রাত্রি কোথায় ছিলেন?

১.৫ দুই বন্ধুর নাম কী? তাদের বাড়ি কোথায়?

২) **প্রত্যেক প্রশ্নের উৎসসহ সংক্ষিপ্ত উত্তর দাওঃ (যে কোন পাঁচটি) (৫ × ৩ = ১৫)**

২.১ আরাড়কালাম কে? সিদ্ধার্থ তাঁর কাছ থেকে কী শিক্ষা পেয়েছিলেন? তাঁর কাছে কীসের সন্ধান পেলেন না?

২.২ 'মানুষ হইতে হবে – এই যার পণ' – কোন্ প্রসঙ্গে কবি এই কথা বলেছেন? এখানে কার পণের কথা বলা হয়েছে?

২.৩ স্নানযাত্রার মেলায় সবচেয়ে আনন্দিত কে? তার আনন্দের কারণ কী?

২.৪ 'শৃগাল কুকুর ছাড়া এ গ্রামে কারো মুখে শব্দ শুনতে পাবেন না' – উদ্ধৃতাংশের বক্তা কে? কথাটি কেন বলা হয়েছে?

২.৫ খেয়া না পার হতে পারলে দুই বন্ধুর কী ক্ষতি হবে?

২.৬ ভিক্ষালব্ধ জিনিষগুলির পরিণতি কি হল? সিদ্ধার্থ নিজের জন্য কি রেখেছিলেন?

২.৭ 'দেখে আসি ওরা কী খেলছে' -- উদ্ধৃতাংশের বক্তা কে? 'ওরা কারা'? তারা কোথায় কী খেলছিল?

## বিভাগ-গ (৪০)

১) **রচনাধর্মী প্রশ্নের যথাযথ উত্তর দাও (৮টি) : (প্রত্যেক প্রশ্নের উৎস সহ সূত্র অনুসারে উত্তর দিতে হবে) (৮ × ৫ = ৪০)**

১.১ 'মধুর তোমার শেষ যে না পাই' – গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।

১.২ আদর্শ ছেলে হতে গেলে কী কী গুণ থাকা দরকার?

১.৩ 'দুই খেয়া' – গল্পটির নামকরণ যথার্থ কী? বিশ্লেষণ কর।

১.৪ মহারাজের সভায় থাকলে বিদূষক হাসতে ভুলে যাবেন কেন?

১.৫ 'মানুষ হইতে হবে মানুষ যখন' – পংক্তিটি নিজের ভাষায় ব্যাখ্যা কর।

১.৬ 'দুই খেয়া' – গল্পে দুই বন্ধুর মধ্যে কাকে তোমার ভালো লাগে? কেন ভালো লাগে যুক্তিসহ লেখ।

১.৭ 'তোমরা মানুষ হলে দেশের কল্যাণ' – উদ্ধৃতাংশটির মাধ্যমে কী বোঝানো হয়েছে, তা নিজের ভাষায় লেখ।

১.৮ 'প্রার্থনাতীত দান' কবিতার মর্মার্থ নিজের ভাষায় বর্ণনা করো।

১.৯ স্নানযাত্রার মেলায় সুখ ও দুঃখের বিপরীত চিত্র দুটির বর্ণনা করো।

১.১০ "ঘুমন্ত নগর তখন সবে জেগেছে, চোখ মেলেই দেখেছে ---- নবীন সন্ন্যাসী" – উদ্ধৃতাংশটিতে কোন নগরের কথা বলা হয়েছে? 'নবীন সন্ন্যাসী' কে? – তাঁর সংক্ষিপ্ত পরিচয় দাও।

Alpana Majumder 27.07.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

FOR GOD AND COUNTRY

## Second Term Test – 2018

**Sub: Bengali Text Model Answers** **Class: VI** **F. M. 90**

**Duration: 2Hrs 30 Mins** **Date: 26 . 07 .18**

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে)

বিভাগ-ক (২৫)

১) **সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ (২ × ৫ = ১০)**

১.১ 'মধুর তোমার শেষ যে না পাই' গল্পটির মূল গ্রন্থ হল - নালক।

১.২ সবার চেয়ে আনন্দময় - (খ) ওই মেয়েটির হাসি ।

১.৩ নীচের কাব্যগ্রন্থগুলির মধ্যে রবীন্দ্রনাথ রচিত কাব্যগ্রন্থ হল – ক্ষণিকা।

১.৪ ছেলেরা কি হলে দেশের কল্যাণ হবে? – (গ) মানুষ।

১.৫ শিখ সেনাদের দলপতির নাম হল – তরু সিং

২) **শূন্যস্থান পূরণ করঃ (১ × ৫ = ৫)**

২.১ রাজা ...জিজ্ঞাসা... করলেন, 'কার ...জিত..., কার হার!' ।

২.২ মুখে হাসি ...বুকে... বল ...তেজে... ভরা মন।

২.৩ উমেষ জিজ্ঞাসা করলে, ...সাঁতার... জানিস?

৩) **শব্দার্থ লেখঃ (১ × ৫ = ৫)**

৩.১ অনুমতি - সম্মতি, ক্রোধ – রাগ, বিমূঢ় – হতবুদ্ধি, বিদূষক - ভাঁড়, আস্তানা – বাসস্থান।

৪) **বাঁদিক ও ডানদিকের কথা মিলিয়ে বাক্য গঠন করঃ (১ × ৫ = ৫)**

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ক) | শান্ত দৃঢ় কণ্ঠে লোকটা উত্তর দিল | ক) | আমি কিছুতেই যাব না |
| খ) | ফলে ভরা, পাতায় ঢাকা জামগাছ | খ) | তারি তলায় ঋষিদের আশ্রম |
| গ) | এক পয়সায় কিনেছে ও | গ) | তালপাতার এক বাঁশি |
| ঘ) | সবারি রয়েছে কাজ | ঘ) | এ বিশ্ব মাঝার |
| ঙ) | সবুজ ঘাস, বনের ফুল | ঙ) | দিয়ে সাজান বনপথ |

৫) **নীচের বাক্যগুলির সত্য/মিথ্যা বিচার করে বাক্যের পাশে লেখঃ (১ × ৫ = ৫)**

৫.১ নদীর উপর ঝুঁকে পড়েছিল একটা বটগাছ কিছু দূরে। - সত্য

৫.২ চারিদিকে বিন্ধ্যাচল পাহাড়, তার মাঝে বৈশালী নগর - মিথ্যা

৫.৩ বসেছে আজ নদীর ধারে স্নানযাত্রার মেলা - মিথ্যা

৫.৪ রাজা বিম্বিসার রাজপথে এসে দাঁড়িয়েছেন - সত্য

৫.৫ গ্রাম থেকে তাদের দিদি-দাদারা ছুটে এল - মিথ্যা

## বিভাগ-খ (২৫)

১) অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ (২ × ৫ = ১০)

১.১ সিদ্ধার্থ কে? – হিমালয়ের পাদদেশে অবস্থিত কপিলাবাস্তুর শাক্য বংশের রাজা শুদ্ধোদনের পুত্র।

১.২ স্নানযাত্রার মেলা কোথায় বসেছে? - স্নানযাত্রার মেলা বসেছে রথতলায় / রথের তলায়।

১.৩ কিভাবে দেশের কল্যাণ হবে? – আদর্শ ছেলেরা মানুষের মতো মানুষ হলে দেশের কল্যাণ হবে।

১.৪ সিদ্ধার্থ সাত দিন সাত রাত্রি কোথায় ছিলেন? - সিদ্ধার্থ সাত দিন সাত রাত্রি ঋষিদের আশ্রমে ছিলেন?

১.৫ দুই বন্ধুর নাম কী? তাদের বাড়ি কোথায়? – দুই বন্ধুর নাম উমেশ ও নবীন। তাদের বাড়ি পাড়াগাঁয়ে।

২) সংক্ষিপ্ত উত্তর দাওঃ (৩ × ৫ = ১৫)

| | |
|---|---|
| ২.১ | আরাড়কালাম কে? সিদ্ধার্থ তাঁর কাছ থেকে কী শিক্ষা পেয়েছিলেন? তাঁর কাছে কীসের সন্ধান পেলেন না? – এক জটাধারী মহাপণ্ডিত। সিদ্ধার্থ তাঁর কাছে শাস্ত্র, ধ্যান, আসন, যোগ-যাগ, মন্তর-তন্তর এই শিক্ষা পেয়েছিলেন। দুঃখকে কিসে জয় করা যায় তার সন্ধান পেলেন না। |
| ২.২ | 'মানুষ হইতে হবে – এই যার পণ' – কোন প্রসঙ্গে কবি এই কথা বলেছেন? এখানে কার পণের কথা বলা হয়েছে? - মহিলা কবি কুসুমকুমারী দাস রচিত 'আদর্শ ছেলে' কবিতায় কবি মানুষকে শুধু মানুষ হয়ে জন্মালে চলবে না, প্রকৃত মনুষ্যত্বের আধিকারী হতে হবে এই প্রসঙ্গে আদর্শ ছেলেদের পণের কথা বলা হয়েছে। |
| ২.৩ | স্নানযাত্রার মেলায় সবচেয়ে আনন্দিত কে? তার আনন্দের কারণ কী? - স্নানযাত্রার মেলায় সবচেয়ে আনন্দিত একটি ছোটো মেয়ে; কারণ সে এক পয়সা দিয়ে একটি তালপাতার বাঁশী কিনেছে। |
| ২.৪ | 'শৃগাল কুকুর ছাড়া এ গ্রামে কারো মুখে শব্দ শুনতে পাবেন না' – উদ্ধৃতাংশের বক্তা কে? কথাটি কেন বলা হয়েছে? - উদ্ধৃতাংশের বক্তা কাঞ্চীরাজের সেনাপতি। ক্ষমতার অহংকারে মত্ত কাঞ্চীরাজ শিশুদের খেলার সারল্য উপলব্ধি করতে না পেরে পুরো গ্রামকেই চরম শাস্তির নির্দেশ দিলেন। সেনাপতি রাজার নির্দেশ পালন করে তার মনতুষ্টির জন্য এই কথা বললেন। |
| ২.৫ | খেয়া না পার হতে পারলে দুই বন্ধুর কী ক্ষতি হবে? – খেয়া পার হতে না পারলে তারা ঠিক সময়ে মেডিকাল কলেজে ভর্ত্তি হতে পারবে না; তাদের কোনদিন আর ডাক্তারি পড়া হবে না। |
| ২.৬ | ভিক্ষালব্ধ জিনিষগুলির পরিণতি কি হল? সিদ্ধার্থ নিজের জন্য কি রেখেছিলেন? - ভিক্ষালব্ধ সেই অতুল ঐশ্বর্য সিদ্ধার্থ মগধের যত দীন-দুঃখীকে বিররণ করে গেলেন। সিদ্ধার্থ নিজের জন্য শুধু একমুঠো শুকনো ভাত রেখেছিলেন। |
| ২.৭ | 'দেখে আসি ওরা কি খেলছে' – উদ্ধৃতাংশের বক্তা কে? 'ওরা কারা'? তারা কোথায় কি খেলছিল? - উদ্ধৃতাংশের বক্তা কাঞ্চির রাজা; ওরা গ্রামের ছোটো ছোটো ছেলে; তারা পথের ধারে আমবাগানে দুই সারি পুতুল সাজিয়ে যুদ্ধ যুদ্ধ খেলছিল। |

## বিভাগ-গ (৪০)

১) রচনাধর্মী প্রশ্নের যথাযথ উত্তর দাও (৮টি) : (৮ × ৫ = ৪০)
(প্রত্যেক প্রশ্নের উৎস সহ সূত্র অনুসারে উত্তর দিতে হবে)

| | |
|---|---|
| ১.১ | 'মধুর তোমার শেষ যে না পাই' – গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।<br>- 'মধুর তোমার শেষ যে না পাই' পাঠ্যাংশটি অবনীন্দ্রনাথ ঠাকুর রচিত 'নালক' নামক গ্রন্থ থেকে সংকলিত হয়েছে।<br>০ গল্পটির নামকরণ সার্থক। ০ সিদ্ধার্থের মানবিক গুন ও মহত্ত্বের মাধুর্য সীমাহীন। |
| ১.২ | আদর্শ ছেলে হতে গেলে কী কী গুণ থাকা দরকার?<br>- মহিলা কবি কুসুমকুমারী দাস রচিত 'আদর্শ ছেলে' কবিতায় আদর্শ ছেলে হতে গেলে তাকে মানুষের মত মানুষ হতে হবে। ০ সদা সর্বদা হাসিমুখে সমস্ত বিপদকে জয় করতে হবে। ০ দেহের বল ও মনের সাহস সকল অসম্ভবকে সম্ভব করে। |
| ১.৩ | 'দুই খেয়া' – গল্পটির নামকরণ যথার্থ কী? বিশ্লেষণ কর।<br>- বনফুল রচিত দুই খেয়া গল্পটি যথার্থ। ০ জলের প্রবাহমানতাই দুটি নৌকাকে একসময়ে গন্তব্যস্থলে পৌঁছে দেয়। ০ 'দুই খেয়া' দুই বন্ধুর প্রতীক। ০ জীবনের প্রবাহমানতা দুই বন্ধুকে তাদের চারিত্রিক বৈশিষ্ঠ অনুসারে জীবনের লক্ষ্যে পৌঁছে দেয়। ০ কেউ ন্যায়ের পক্ষে কেউবা অন্যায়ের পক্ষে। |
| ১.৪ | মহারাজের সভায় থাকলে বিদূষক হাসতে ভুলে যাবেন কেন?<br>- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিদূষক গল্পটি 'লিপিকা' গ্রন্থ থেকে নেওয়া হয়েছে। ০ বিদূষকের জীবনে হাসি বড় কথা।<br>০ অন্যদিকে রাজা নিষ্ঠুর, শক্তির গর্বে মত্ত – এরকম নির্মম রাজার সভায় থাকলে বিদূষক জীবনের শ্রেষ্ঠ সম্পদ হাসিকেও ভুলে যাবেন। |
| ১.৫ | 'মানুষ হইতে হবে মানুষ যখন' – পংক্তিটি নিজের ভাষায় ব্যাখ্যা কর।<br>- এই উদ্ধৃতাংশটি মহিলা কবি কুসুমকুমারী দাস রচিত 'আদর্শ ছেলে' কবিতা থেকে নেওয়া হয়েছে। ০ মানুষের মানবিক গুণের বিকাশেই তার শ্রেষ্ঠত্ব; শুধুমাত্র জন্মসূত্রে মানবদেহ ধারণে কোনো শ্রেষ্ঠত্ব নেই। |
| ১.৬ | 'দুই খেয়া' – গল্পে দুই বন্ধুর মধ্যে কাকে তোমার ভালো লাগে? কেন ভালো লাগে যুক্তিসহ লেখ।<br>- বনফুল রচিত 'দুইখেয়া' গল্পে দুই বন্ধুর মধ্যে নবীন উৎকৃষ্ট চরিত্র। ০ ন্যায়ের পথে নবীন দেশসেবক হয়েছে। |
| ১.৭ | 'তোমরা মানুষ হলে দেশের কল্যাণ' – উদ্ধৃতাংশটির মাধ্যমে কী বোঝানো হয়েছে, তা নিজের ভাষায় লেখ।<br>- মহিলা কবি কুসুমকুমারী দাস রচিত 'আদর্শ ছেলে' নামক কবিতা থেকে উদ্ধৃতাংশটি গৃহীত হয়েছে। ০ মানুষের মনুষ্যত্বের বিকাশেই তার শ্রেষ্ঠত্ব। ০ মানুষই একমাত্র দেশ ও দশের মঙ্গলের জন্য জীবন উৎসর্গ করে। |
| ১.৮ | 'প্রার্থনাতীত দান' কবিতার মর্মার্থ নিজের ভাষায় বর্ণনা করো।<br>- 'প্রার্থনাতীত দান' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কথা কাব্যের অন্তর্গত। ০ শিখ জাতির কাছে ধর্মীয় সংস্কার রক্ষা প্রাণ রক্ষা করার চাইতেও বড়ো কর্তব্য। ধর্মত্যাগ করার চাইতে প্রাণত্যাগ শ্রেয়। |
| ১.৯ | স্নানযাত্রার মেলায় সুখ ও দুঃখের বিপরীত চিত্র দুটির বর্ণনা করো।<br>- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ক্ষনিকা' কাব্যগ্রন্থ থেকে 'সুখ-দুঃখ' কবিতাটি নেওয়া হয়েছে। ০ জগন্নাথ দেবের মহাস্নানযাত্রা উপলক্ষ্যে আয়োজিত মেলায় একটি পয়সার বিনিময়ে সুখ আনন্দের ছবি। ০ একটি পয়সার অভাবে দুঃখ ০ বেদনার ছবি। |
| ১.১০ | "ঘুমন্ত নগর তখন সবে জেগেছে, চোখ মেলেই দেখেছে.........নবীন সন্ন্যাসী" – উদ্ধৃতাংশটিতে কোন নগরের কথা বলা হয়েছে? 'নবীন সন্ন্যাসী' কে? – তাঁর সংক্ষিপ্ত পরিচয় দাও।<br>- অবনীন্দ্রনাথ ঠাকুর রচিত 'নালক' গ্রন্থের অন্তর্গত 'মধুর তোমার শেষ যে না পাই' গল্পে ঘুমন্ত নগর হল রাজগেহ নগর। ০ নবীন সন্ন্যাসী হলেন গৌতমবুদ্ধ ০ দুঃখকে জয় করার পথের সন্ধান দেন। ০ বৌদ্ধধর্মের প্রবর্তক ০ নির্বাণ লাভ। |